
20

তারিখ ... FEB. 27 1999 ...
পৃঃ ৬ কলাম ৭

দৈনিক সংবাদ

# বাউবি'র এম-এড প্রোগ্রাম

মেজবাহ উদ্দিন তুহিন




দেশের সুযোগ বঞ্চিত, কর্মজীবী ও পেশাজীবী মানুষ যারা নিজেদের দক্ষতা ও যোগ্যতার উন্নয়ন ঘটাতে আগ্রহী বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় তাদের জন্য চালু করেছে এম.এড প্রোগ্রাম। সমাজের যে প্রয়োজন তা অনেকাংশেই প্রচলিত উচ্চ শিক্ষা ব্যবস্থায় সিদ্ধ হতে পারছে না। সে সব দিক বিবেচনায় শিক্ষাক্ষেত্রে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে বাউবির এবারের নতুন সংযোজন এম এড প্রোগ্রাম। শিক্ষা ও শিক্ষণীয় বিষয়ে বিশেষজ্ঞ তৈরির উদ্দেশ্যে এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের উচ্চতর ডিগ্রী প্রদানের লক্ষ্যে বাউবি এই প্রোগ্রাম চালু করেছে।

**ভর্তি প্রক্রিয়া ঃ** বাউবি এই প্রোগ্রামে ভর্তির জন্য দুটি গ্রুপে বিভক্ত করে প্রার্থীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করেছে। আপনি যদি বাউবি থেকে বিএড বা সমমানের ডিগ্রীধারী হয়ে থাকেন অথবা কোন স্বীকৃত দেশী/বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে বিএড/ডিপ-ইন-এড ডিগ্রী বা সমমানের ডিগ্রী অর্জন করে থাকেন তবে এ প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। এছাড়া যারা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে চার বছরের ডিগ্রীধারী কোন স্বীকৃত বিদ্যালয়ে কর্মরত স্নাতকোত্তর ডিগ্রীধারী শিক্ষক, শিক্ষাবিস্তারে জড়িত বিভিন্ন সরকারি বেসরকারি সংস্থায় কর্মরত স্নাতকোত্তর ডিগ্রিধারী এবং সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয় ও কলেজে শিক্ষকতায় নিয়োজিত শিক্ষকগণ এই প্রোগ্রামে ভর্তির আবেদন করতে পারবেন।

দেশের পাঁচটি আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে এই প্রোগ্রামের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হচ্ছে। আঞ্চলিক কেন্দ্রসমূহ হচ্ছে ঢাকা, যশোর, চট্টগ্রাম ময়মনসিংহ ও রাজশাহী। আবার এসব আঞ্চলিক কেন্দ্রসমূহের অধীনে যেসব টিউটোরিয়াল সেন্টার রয়েছে সে সবের মাধ্যমে পরিচালিত হবে শিক্ষার্থীদের টিউটোরিয়াল ক্লাস।

আপনাকে ভর্তি নির্দেশিকার সাথে সংযোজিত নির্ধারিত আবেদনপত্রের মাধ্যমে আবেদন করতে হবে।

খুব শিগগিরই ভর্তির জন্য আবেদনপত্র আহ্বান করে বিজ্ঞাপন প্রকাশ করা হবে বলে জানা গেছে। আবেদনপত্রের সাথে বিভিন্ন পরীক্ষায় পাসের সনদপত্রের কপি ও নাগরিকত্বের সার্টিফিকেট জমা দিতে হবে।

**প্রার্থী নির্বাচন ঃ** আপনার পূর্ববর্তী পরীক্ষার রেজাল্ট ও বয়সের ভিত্তিতে পয়েন্ট গণনা করে প্রার্থী নির্বাচন করা হবে। বিএড ডিপইনএড এবং অন্যান্য ডিগ্রীধারীদের প্রথম বিভাগ প্রাপ্তদের জন্য ৩ পয়েন্ট, দ্বিতীয় বিভাগ প্রাপ্তদের জন্য ২ পয়েন্ট ও তৃতীয় বিভাগ প্রাপ্তদের জন্য ১ পয়েন্ট গণনা করা হবে। এছাড়া স্নাতক প্রথম বিভাগের জন্য ৭ পয়েন্ট, দ্বিতীয় বিভাগের জন্য ৫ পয়েন্ট ও তৃতীয় বিভাগের বিভাগের জন্য ১ পয়েন্ট গণনা করা হবে। স্নাতকোত্তর ডিগ্রীর জন্য প্রতিক্ষেত্রে ১ পয়েন্ট। উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক পরীক্ষার ফলাফলের উপর প্রথম বিভাগের জন্য ৫ পয়েন্ট, দ্বিতীয় বিভাগের জন্য ৩ পয়েন্ট ও তৃতীয় বিভাগের জন্য ১ পয়েন্ট হিসেবে গণনা করা হবে। এছাড়া প্রার্থীর মোট বয়সকে ১০ দ্বারা ভাগ করে পয়েন্ট গণনা করা হবে। বিভিন্ন পেশাজীবীদের ক্ষেত্রে এমবিবিএস/কৃষিবিদ (অন্যান্য ডিগ্রীর অনার্সের ক্ষেত্রে ৭ পয়েন্ট, অন্যান্য ৫ পয়েন্ট। বিএসসি.(প্রকৌশলী) জিপিএ পদ্ধতির ক্ষেত্রে ৩.৭৫ বা তদূর্ধ্ব পেলে ৭ পয়েন্ট, ২.৭৫-৩.৭৪ পেলে ৫ পয়েন্ট এবং ২.৭৫ এর নিচে পেলে ২ পয়েন্ট গণনা করা হবে। প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর নির্বাচিত প্রার্থীদের তালিকা বাউবির আঞ্চলিক কেন্দ্রসমূহে নির্দিষ্ট তারিখে প্রকাশ করা হবে।

**শিক্ষা পদ্ধতি ও বিশেষ ক্ষেত্রসমূহ ঃ** বাউবির এম এড প্রোগ্রামে মোট ৬টি বিশেষ শিক্ষার্থী ভর্তি করা হবে। ক্ষেত্রসমূহ হচ্ছে অর্থনীতি ও উন্নয়ন শিক্ষা, গণিত শিক্ষা, বিজ্ঞান শিক্ষা, ভাষা শিক্ষা, দূরশিক্ষা, শিক্ষায় মনোবিজ্ঞান ও শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা। শিক্ষার্থীকে এসব ক্ষেত্রের যেকোন একটি বেছে নিতে হবে। তবে চলতি শিক্ষাবর্ষে দূর শিক্ষা, শিক্ষায় মনোবিজ্ঞান ও শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনার ক্ষেত্রসমূহ চালু করা সম্ভব হবে না বলে জানা গেছে। ৩৭ ক্রেডিটের এই প্রোগ্রাম বাংলা ও ইংরেজি উভয় মাধ্যমেই সম্পন্ন করা যাবে। তবে বাউবির এই প্রোগ্রামের কোর্সসমূহ তৈরি করা হয়েছে অত্যাধুনিক ও বিজ্ঞানসম্মতভাবে। যাতে একজন শিক্ষার্থী পাস করে কর্মক্ষেত্রে তার শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতাকে কাজে লাগাতে পারে। মূল্যায়ন পদ্ধতিতে তিন ক্রেডিট সমান ১০০ নম্বর এবং দুই ক্রেডিট সমান ৬৫ নম্বর। ন্যূনতম পাস নম্বর হবে ৫০। এছাড়া ১০০ নম্বরের বন্টনে লিখিত পরীক্ষা ৮০ নম্বর ও টিএমএতে থাকবে ২০ নম্বরের। অপরদিকে ৬৫ নম্বরের ক্ষেত্রে লিখিত পরীক্ষা ৫৫ ও টিম-এ ১০ নম্বরের। ১০০ নম্বরের ক্ষেত্রে টিএমএর সংখ্যা ২টি এবং ৬৫ নম্বরের ক্ষেত্রে টিএমএর সংখ্যা হবে একটি।

**খরচ ও সুবিধাদি ঃ** বাউবির এই প্রোগ্রামের খরচ নির্ধারণ করা হয়েছে রেজিঃ ফি ১০০ টাকা। পূর্ব প্রস্তুতির কোর্সসমূহের প্রতিটির ফি ৩০০ টাকা। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের তিন ক্রেডিট ঘন্টার প্রতি কোর্সের ফি ৫০০ টাকা। দুই ক্রেডিট ঘন্টার প্রতি কোর্সের ফি ৩৫০ টাকা, এক ক্রেডিট ঘন্টার প্রতি কোর্সের ফি ২০০ টাকা। সাময়িক সনদপত্র ৬০ টাকা, মূল সনদপত্র ১৫০ টাকা, ট্রান্সক্রিপ্ট ফি ৬০ টাকা, চূড়ান্ত নম্বরপত্র ৬০ টাকা এবং প্রোগ্রাম সমাপনী প্রত্যয়নপত্রের জন্য ২৫ টাকা প্রয়োজন হবে। এসব খরচের বিনিময়ে বাউবি সরবরাহ করবে স্বশিখন পদ্ধতির লিখিত বই, টিউটোরিয়াল সার্ভিস, প্রতি সেমিস্টারের নম্বরপত্র আঞ্চলিক ও স্থানীয় কেন্দ্রের সেবাসহ রেডিও টিভির মাধ্যমে শিক্ষা সেবা।